

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড  
[মূল্য সংযোজন করা]

আদেশ

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/০১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ওএমএসসহ সুলভমূল্য কার্যক্রমে আটা সরবরাহকারী ময়দা মিলারের পরিচালন ব্যয়ের উপর হইতে মূল্য সংযোজন করা (ভ্যাট) অব্যাহতি।

নং ১৩/মূসক/২০১৭—যেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ইতোপূর্বে বিশেষ আদেশ নং ২১/মূসক/২০১৬, তারিখঃ ২১-০৯-১৬ খ্রি: এর মাধ্যমে সরকারের ওএমএস কার্যক্রমে নিয়োজিত ডিলারদের কমিশনের উপর প্রযোজ্য মূল্য সংযোজন করা (ভ্যাট) হইতে অব্যাহতি প্রদান করা হইয়াছে, যাহা বর্তমানেও বলবৎ আছে; এবং

যেহেতু, ওএমএসসহ সুলভমূল্য কার্যক্রমে আটা সরবরাহকারী ময়দা মিলারদের কার্যক্রম একই ধরণের হইলেও তাহাদের পরিচালন ব্যয়ের উপর ১৫% ভ্যাট প্রযোজ্য ও ইহার ফলে মিলারদের নিকট হইতে ভ্যাট কর্তন না করিবার কারণে বিভিন্ন ক্ষেত্রে বাণিজ্যিক অডিট কর্তৃপক্ষ কর্তৃক অডিট আপত্তি উত্থাপিত হইতেছে মর্মে উল্লেখপূর্বক ওএমএসসহ সুলভমূল্য কার্যক্রমে আটা সরবরাহকারী ময়দা মিলারের পরিচালন ব্যয়ের উপর ভ্যাট কর্তনের দায় হইতে অব্যাহতি প্রদান করা প্রয়োজন মর্মে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক পর্যবেক্ষণ প্রদান করা হইয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন করা আইন, ১৯৯১ এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, খাদ্য মন্ত্রণালয় তথা খাদ্য অধিদপ্তরের উল্লিখিত সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় দেশের প্রান্তিক জনগোষ্ঠীর জন্য প্রদত্ত সুবিধা বাঁধাইন ও সুলভ করিবার লক্ষ্যে ওএমএসসহ সুলভমূল্য কার্যক্রমে আটা সরবরাহকারী ময়দা মিলারদের পরিচালন ব্যয়ের উপর প্রযোজ্য ১৫% ভ্যাট উৎসে কর্তন হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিরুর রহমান  
চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd).

(৮৫৫৩)

মূল্য : টাকা ৪০০